

সহকারী প্রকৌশলী জনাব মোঃ আকরাম হোসেনের পদোন্নতি জনিত বিদায়ী সংবর্ধনা

ময়মনসিংহ গণপূর্ত সার্কেলের সহকারী প্রকৌশলী জনাব মোঃ আকরাম হোসেনের বিদায়ী সংবর্ধনা ২৭ জুন ২০২১ তারিখে ময়মনসিংহ গণপূর্ত সার্কেলে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন অত্র সার্কেলের সম্মানিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব এ.কে.এম. কামরুজ্জামান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী সহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। জনাব মোঃ আকরাম হোসেনের পরবর্তী কর্মস্থল জনসংখ্যা প্রকল্প কোষ (পিপিসি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

অনুষ্ঠানে সম্মানিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব এ.কে.এম. কামরুজ্জামান সদ্য বিদায়ী সহকারী প্রকৌশলী জনাব মোঃ আকরাম হোসেনের সুস্বাস্থ্য কামনা করেন এবং নতুন কর্মক্ষেত্রেও সফলতা বজায় রাখবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।